**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-৯১২৪৮৪৬
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

সূত্র নং-৩৯.০৭.০০০০.০০১.০৬.১২০.১৫-

তারিখ: ০৮ মাঘ ১৪২৫
২১ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ২৮ তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২৮ তম সভা ০৭/০১/২০১৯ তারিখ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় চেয়ারম্যান প্রফেসর ডঃ নঈম চৌধুরী এর সভাপতিত্বে কর্তৃপক্ষের সভাকক্ষ (কক্ষ নং-২০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কর্তৃপক্ষের সদস্য ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

উক্ত সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান ৩য় বারে মন্ত্রী হওয়ায় সভায় মাননীয় মন্ত্রীকে অভিনন্দন জানানো হয় এবং তাঁকে শুভেচ্ছা জানানোর বিষয়ে সিদ্ধান্ত হয়। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী আগামী ৫ বৎসরে কি কি কাজ করতে হবে তা নির্ধারণ করে নির্ধারিত সময়ের মধ্যে ঐ কাজগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। অত:পর ২৭তম সভার কার্যবিবরণী উপস্থাপন পূর্বক অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় কর্তৃপক্ষের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে কর্তৃপক্ষের কার্যক্রম জোরালো ভাবে পরিচালনা করা, বাজেট, কর্তৃপক্ষের বিদ্যমান সরঞ্জামাদি টিওএন্ড ই তে অন্তর্ভূক্ত করণ, কর্তৃপক্ষের আইন সংশোধন ও বিধিমালা প্রণয়ন, ই-ফাইলিং সিস্টেসম বাস্তবায়ন, ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম জোরদারকরণ, দক্ষ জনবল তৈরী করণের বিষয়ে ট্রেনিং মডিউল, প্রসপেকটাস, লেকচার সীট ইত্যাদি তৈরী করণ, কর্তৃপক্ষে প্রবেশের মেইন ফটকের দক্ষিণ পাশে নাম ফলক স্থাপন, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগের জন্য ০২ (দুই) জন জুনিয়র কনসালটেন্ট নিয়োগ, রিসার্চফেলো নিয়োগ, পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা বিভাগ, বাপশনিক এর জন্য অতীব জরুরী ভিত্তিতে ০৪ (চার)টি ডেক্সটপ কম্পিউটার, ০১ (এক) টি প্রিন্টার ও ০১ (এক) টি স্ক্যানার ক্রয়, কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিতকরণে ডিজিটাল হাজিরা সিস্টেম স্থাপন, কর্তৃপক্ষের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের অফিসে যাতায়তের লক্ষ্যে ২০১৯ সালের জন্য নোয়া (NOAH) মাইক্রোবাস ভাড়াকরণ, কর্তৃপক্ষে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিতদের মজুরী বৃদ্ধি করণ, সভা, সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্তসমূহ :**

১। মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান ৩য় বারের মতো বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পাওয়ায় মাননীয় মন্ত্রীকে অভিনন্দন জানাতে হবে। এই মর্মে একটি স্মারকসহ মন্ত্রীমহোদয়ের সম্বর্ধনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে:
সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্তৃপক্ষের কার্যক্রম নির্ধারণ করে তা বাস্তবায়নের লক্ষ্যে এখন থেকেই পুরোদমে কার্যক্রম পরিচালনা করতে হবে। এই মর্মে ইশতেহারের আলোকে কর্মসূচী প্রণয়ন করতে হবে।

বাস্তবায়নে:
১। সদস্য (সকল), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৩। পরিচালক (সকল), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

৩। কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তির ২০১৮-১৯ এ উল্লেখিত সকল সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে ১০০% অর্জন করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে এখন থেকেই জোরালোভাবে কার্যক্রম শুরু করতে হবে এবং এর ধারাবাহিকতা ভবিষ্যতে অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে:

১। আহ্বায়ক, কর্মসম্পাদনা চুক্তি ২০১৮-১৯ বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, বাপশনিক।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৩। পরিচালক (সকল), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

৪। সকল নথি, চিঠিপত্র ই-ফাইলিং এর মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রেরণ করতে হবে। ই-ফাইলিং ব্যতিত কোন হার্ড ফাইল প্রেরণ করা যাবে না। প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ, পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা বিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ এবং হিসাব ও অর্থ বিভাগ থেকে ই-ফাইলিং সিস্টেমস এর মাধ্যমে চিঠিপত্র ও নথিপত্র চেয়রম্যান মহোদয়য়ের নিকট প্রেরণ করতে সচেষ্ট হতে হবে।

বাস্তবায়নে:

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। পরিচালক (সকল), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৩। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাপশনিক।

৫। কর্তৃপক্ষের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তিতে উল্লেখিত অন লাইন সেবা ভিত্তিক ক্ষুদ্র প্রকল্পসমূহ চালু করার বিষয়ে উচ্চ ক্ষমতা সম্পন্ন ০৩ (তিন) টি কম্পিউটার ক্রয়ের প্রস্তাব জরুরী ভিত্তিতে পেশ করতে হবে।

বাস্তবায়নে:

ড. দেবাশিস দত্ত, প্রধান প্রকৌশলী ও ইনোভেশন অফিসার, বাপশনিক, ঢাকা।

৬। কর্তৃপক্ষ ভবনের মূল প্রবেশ দ্বারে নির্মাণাধীন নামফলকটি জরুরী ভিত্তিতে উন্নতমানের ফাইবার সীট দিয়ে ঢেকে দিতে হবে।

বাস্তবায়নে:

সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

৭। "বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন-২০১২" যথাযথ ও সুষ্ঠু ভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি খসড়া বিধিমালা অতীব জরুরী ভিত্তিতে প্রণয়ন করে কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবরে পেশ করতে হবে।

বাস্তবায়নে:

ড. মেহেরুন নাহার, আহ্বায়ক, খসড়া বিধিমালা প্রণয়ন সংশ্লিষ্ট কমিটি ও পরিচালক, বিনি বিভাগ, বাপশনিক, ঢাকা।

৮। কর্তৃপক্ষের বিদ্যমান ও প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের জন্য প্রস্তাবিত মালামাল সমূহ সংশ্লিষ্ট সকল পরিচালকদের দিয়ে পরীক্ষা/পরিবীক্ষণ করে টিওএন্ডই তে অন্তর্ভূক্তকরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে:

সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

৯। অফিস এ্যাসিসস্ট্যান্ট কাম-কম্পিউটার অপারেটর পদে সাধারণ কোটায় ০১ (এক) জন ও সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটায় ০২ (দুই) জনসহ সর্বমোট ০৩ (তিন) জন জনবল নিয়োগের কাজ আগামী ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে:

১। আহ্বায়ক, বিভাগীয় নির্বাচন কমিটি-৪ (নিয়োগ কমিটি), বাপশনিক, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১০। কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিদ্যমান সকল কম্পিউটারের সাথে জরুরী ভিত্তিতে LAN সিস্টেমস চালু করতে

বাস্তবায়নে:

মো: আমজাদ হোসেন, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি ও উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাপশনিক, ঢাকা।

১১। পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা (পানিসু) বিভাগের অফিস ও লাইব্রেরী করার জন্য বরাদ্দকৃত ৭ম তলার লে-আউট প্লান প্রস্তুত করে জরুরী ভিত্তিতে পূর্ণাঙ্গ প্রস্তাব চেয়ারম্যান, বাপশনিক এর বরাবরে পেশ করতে হবে।

বাস্তবায়নে:

১। সদস্য, পানিসু, বাপশনিক, ঢাকা।
২। পরিচালক, পানিসু বিভাগ, বাপশনিক, ঢাকা।

১২। বাজেট অনুযায়ী সকল বিভাগের ক্রয় প্রস্তাব অতি জরুরী ভিত্তিতে চেয়ারম্যান, বাপশনিক এর বরাবরে পেশ করতে হবে।

বাস্তবায়নে:

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। পরিচালক (সকল), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৩। নির্বাচনী ইশতেহার অনুসরণে কর্তৃপক্ষের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে যুগোপযোগী সংশোধিত বাজেটের প্রস্তাব পেশ করতে হবে।

বাস্তবায়নে:

মুহিক, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৪। শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে সভা/সেমিনার/কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রথম সেমিনারটি চেয়ারম্যান মহোদয় দেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়।

বাস্তবায়নে:

১। জনাব রাশিদ আম্মদ আমিরী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, ও পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ. বাপশনিক, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৫। কর্তৃপক্ষের নিয়োগবিধি চূড়ান্ত করণের লক্ষ্যে এ বিষয়ে গঠিত কমিটির সভা করে পূর্ণাঙ্গ প্রস্তাব জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে:

১। আহ্বায়ক, নিয়োগবিধি চূড়ান্ত করণ সংশ্লিষ্ট কমিটি, বাপশনিক।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৬। স্কিলড ম্যানপাওয়ার তৈরী করণের বিষয়ে মালয়েশিয়ায় অনুষ্ঠিত বিভিন্ন ট্রেনিং এর সিলেবাস অনুসরণ পূর্বক ট্রেনিং মডিউল, প্রসপেকটাস, লেকচার সীট তৈরী করণ সংক্রান্ত করণীয় কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে:

১। প্রফেসর ডা. সাহানা আফরোজ, সদস্য, বাপশনিক ও আহ্বায়ক, ট্রেনিং মডিউল, প্রসপেকটাস, লেকচার সীট তৈরীকরণ সংক্রান্ত কমিটি, বাপশনিক, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৩। বেগম রাজিয়া পারভীন, পরিচালক, প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ ও সচস্য-সচিব, ট্রেনিং মডিউল, প্রসপেকটাস, লেকচার সীট তৈরীকরণ সংক্রান্ত কমিটি, বাপশনিক, ঢাকা।

১৭। পারমাণবিক রিাপত্তা ও সুরক্ষা বিভাগ, বাপশনিক এর Self Assessment কার্যক্রম সম্পাদনের জন্য পিপিআর-২০০৮ এর বিধি-৭৬(ট) অনুযায়ী অতীব জরুরী ভিত্তিতে ০৪ (চার)টি ডেক্সটপ কম্পিউটার, ০১ (এক) টি প্রিন্টার ও ০১ (এক) টি স্ক্যানার ক্রয় করতে হবে।

বাস্তবায়নে:

১। সচিব বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৮। কর্তৃপক্ষে কর্মরত প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের অফিসে যাতায়াতের লক্ষ্যে ২০১৯ সালের জন্য ২০১০ এর পরবর্তী মডেলের নোয়া (NOAH) মাইক্রোবাস ভাড়াকরণের কাজ জরুরী ভিত্তিতে শেষ করতে হবে।

বাস্তবায়নে:

১। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৯। কর্তৃপক্ষে কর্মরত কমিশনের যে সকল কর্মকর্তা ও কর্মচারী শ্রান্তিবিনোদন ভাতা ও ছুটির জন্য আবেদন করেছেন/করবেন তাদের শ্রান্তিবিনোদন ভাতা ও ছুটি কমিশনের আদেশের আলোকে প্রদান করতে হবে।

বাস্তবায়নে:

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মুহিক, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২০। PT-CT, Blood Irradiator, Gamma Knife & Medical Cyclotron/রেডিও আইসোটপ উৎপাদন সংক্রান্ত স্থাপনার নতুন লাইসেন্স ও লাইসেন্স নবায়ন ফি সম্পর্কিত আদেশটি জরুরী ভিত্তিতে পত্রিকায় প্রকাশ করতে হবে।

বাস্তবায়নে:

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২১। কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিসে উপস্থিতি মনিটরিং করার জন্য জরুরী ভিত্তিতে ডিজিটাল হাজিরা সিস্টেম স্থাপন করতে হবে।

বাস্তবায়নে:

সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২২। IAEA এর TC প্রজেক্ট এর আওতায় আগামী ২৫-২৮ ফেব্রুয়ারী ২০১৯ এ IAEA -BAERA এর যৌথ উদ্যেগে Regulatory Inspection বিষয়ে একটি ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে:

পরিচালক, পানিসু বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২৩। গত জুন ২০১৮ তারিখে বাংলাদেশ Regulatiry Cooperation Forum (RCF) এ Recepient Country হিসেবে সদস্য হয়েছে। এই আলোকে RCF এর চেয়ারম্যান এর নেতৃত্বে ০৪ (চার) সদস্যের উচ্চ পর্যাযের প্রতিনিধি দল আগামী ৩-৪ এপ্রিল ২০১৯ বাপশনিক ও RCF এর মধ্যে যৌথ সভায় অংশ গ্রহণ করার জন্য ঢাকায় আসবেন এবং রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট প্রকল্প সাইট পরিদর্শন করবেন। উক্ত প্রতিনিধি দলের সাথে সভা করার জন্য কর্তৃপক্ষের আলোচনা বিষয়বস্তু নির্ধারণ করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে সভা করতে হবে।

বাস্তবায়নে:

পরিচালক, পানিসু বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২৪। আগামী নভেম্বর ২০১৯ মাসে IRRS এর মূল মিশন আসার পূর্ব প্রস্তুতি হিসেবে Preparatory Meeting এ অংশগ্রহণ করার জন্য IAEA এবং IRRS এর ৪ (চার) সদস্য বিশিষ্ট উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদল এর আগমনের তারিখ পরিবর্তন করে আগামী ৭-৮ মে, ২০১৯ এ নির্ধারণ করা হয়েছে। উক্ত প্রতিনিধি দলের সাথে আলোচনায় অংশ গ্রহণের জন্য " JSC VO Safety" expert দের আমন্ত্রণ জানাতে হবে।

বাস্তবায়নে:

পরিচালক, পানিসু বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২৫। জানুয়ারি ২০১৯ হতে কর্তৃপক্ষে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত যেসকল কর্মচারী এইচএসসি হতে তদোর্ধ পাসের উপরে তাদের দৈনিক হাজিরা ৫০০/- (পাঁচ শত টাকা) এবং বাকীদের ৪৭৫/- (চার শত পঁচাত্তর টাকা) হারে প্রদান করতে হবে। জানুয়ারি ২০১৯ইং সন হতে এই সিদ্ধান্ত কার্যকর হবে।

বাস্তবায়নে:

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর ডঃ নঈম চৌধুরী)
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

নং-৩৯.০৭.০০০০.০০১.০৬.১২০.১৫- তারিখ : ২১/০১/২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। অধ্যাপক ডাঃ সাহানা আফরোজ, সদস্য, বিকিরণ নিয়ন্ত্রণ ও প্রশিক্ষণ নিবন্ধীকরণ (বিনি ও প্রনি), বাপশনিক, ঢাকা।
২। প্রকৌঃ মোঃ শওকত আলী, সদস্য, বিদ্যুৎ ও শিল্প নিরাপত্তা (বিশিনি), বাপশনিক, ঢাকা।
৩। প্রকৌ. কাজী ওবায়দুল আউয়াল, সদস্য, পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা (পানিসু), বাপশনিক, ঢাকা।
৪। প্রকৌ. মো: মোজাম্মেল হক, সদস্য, পুরকৌশল ও ভৌত অবকাঠামো নিরাপত্তা (পুভৌঅনি), বাপশনিক, ঢাকা।
৫। মুহাম্মদ নূর আলম, সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৭। একেএম রওশন কবীর জোয়ারদার, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ, বাপশনিক।
৮। মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা. বাপশনিক, ঢাকা।
৯। ফোকাল পয়েন্ট, আইসিটি, বাপশনিক, ঢাকা।
১০। আহসানুল হক, উর্ধ্বতন প্রকৌশলী, বাপশনিক, ঢাকা।
১১। গার্ড ফাইল।

(মো: আফছার উদ্দিন)
উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা

সদয় জ্ঞাতার্থ:

১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।